

## LUSOM`S Biggest Morning Tea

একটি সোনালী সকাল



সিডনীতে সারা বছর বিভিন্ন অনুষ্ঠান, মেলা, গান, কবিতা আর উৎসব লেগেই থাকে। উদ্দেশ্য, আড়ম্বর আর আয়োজনের ব্যাপকতায় প্রতিটি অনুষ্ঠানই উল্লেখযোগ্য এবং সফল। এসব অনুষ্ঠানের মাঝে প্রতিবছর মে মাসে LUSOM কর্তৃক আয়োজিত Australia's Biggest Morning Tea একটু ভিন্ন উদ্দেশ্য আর ভিন্ন আমেজ নিয়ে অনুষ্ঠিত হয়। নিছক বিনোদন নয়, চ্যারিটি বা

দানের মহান উদ্দেশ্য নিয়ে অনুষ্ঠানটি আয়োজিত হয়। শুধুমাত্র মেয়েদের উদ্যোগে আয়োজিত (অবশ্যই পুরুষদের সহযোগিতা আমাদের পাশে থাকে) এই অনুষ্ঠানটি Cancer Council এর জন্য ফান্ডরেইজিং করে থাকে যা Mainstream কমিউনিটির সাথে পরবাসী আমাদের একটি যোগসূত্র তৈরি করে দেয়। এই অনুষ্ঠানের খাবার বিক্রি বা ডোনেশনের প্রতিটি সেন্ট Cancer Council এর তহবিলে জমা হয়। এখানে যারা আসেন তারা মানবতার কল্যাণে কিছু করার তাগিদ নিয়েই ছুটে আসেন। তাদের সদাব্যস্ত জীবনযাত্রা থেকে কিছুটা সময় বের করে অনুষ্ঠানের জন্য রান্না করেন, সময়মত হাজির হন, আর আমাদের ছোট প্রচেস্টাকে অনেক বড় মাপের করে তোলেন। গত ১৫ ই মে এবার ও হেমন্তের ঝলমলে সোনালী সকালে সবার প্রাণের উষ্ণতা নিয়ে সফলভাবে অনুষ্ঠিত হল LUSOM's Biggest Morning Tea। Breast Cancer এর পিঙ্ক রিবনের

রং অনুযায়ী হোস্ট এবং আমন্ত্রিত মেয়েরা প্রায় সবাই পিঙ্ক পরে আসেন। ছেলেরা কোমর বেধে চুলা ধরানো, পরোটা ভাজা, পিঠা গরম করার মত জটিল কাজগুলোতে হাসিমুখে নেমে পড়েন। আর টেবিলে শীতের পিঠা, রুটি মাংস সজ্জি, কাবাব, বিরিয়ানী সহ অগনিত মজার খাবার বিক্রিতে মেয়েরা। একে একে বন্ধুবান্ধব,



পরিচিতজনেরা এসে সালাম শুভেচ্ছা বিনিময়, খাওয়া দাওয়া নিয়ে আড্ডায় মেতে উঠেন। অনুষ্ঠানটি অনানুষ্ঠানিক ভাবেই শুরু হয়। Cancer হলে আমাদের কি করণীয় সে সম্পর্কে মূল্যবান বক্তব্য রাখেন কমিনিউটি থেকে জনাব আবদুর রহমান। এছাড়া ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের সভাপতি জনাব মাসুদ চৌধুরী এই উদ্যোগের প্রশংসা করে এতে স্কুলের পক্ষ থেকে তাদের বরাবরের সহযোগিতার কথা ব্যক্ত করেন। এর পর পরই লাল সবুজ তাদের অনবদ্য সব গানের মাধ্যমে পুরো অনুষ্ঠানটিকে প্রাণবন্ত করে তোলে। মাত্র ঘন্টা তিনেকের এই অনুষ্ঠানটি ছিল মুখরোচক সব খাবার, প্রিয় সংগ, আড্ডা আর গানের মূর্ছনায় সমৃদ্ধ, এবং মূল উদ্দেশ্য অর্জনের প্রেক্ষিতে একটি সফল অনুষ্ঠান। সবার আন্তরিকতা ও সহযোগিতার সুবাদে LUSOM এবার Cancer Council এর জন্য \$1966.25 তহবিল সংগ্রহ করতে পেরেছে। এই লেখার মাধ্যমে আমাদের ক্ষুদ্র প্রচেষ্টাকে ব্যাপক ভাবে সাহায্য করার জন্য সব বন্ধুবান্ধব ও শুভানুধ্যায়ীদের জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা।

